তারিখ ... 14 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৪ ...

দৈনিক
ইত্তেফাক

# জাবি সিনেটে আওয়ামী শিক্ষকদের সংখ্যাগরিষ্ঠতা

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রশাসনপন্থি আওয়ামী লীগ সমর্থক শিক্ষকরা সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। 'বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ' ব্যানারে তারা ৩৩টি পদের মধ্যে ২৫টিতে জয়লাভ করেন। বাকি আটটি পদে জয়লাভ করেছেন বিএনপিপন্থি, বামপন্থিদের একাংশ এবং আওয়ামীপন্থি শিক্ষকদের দু'টি গ্রুপ নিয়ে গঠিত 'সম্মিলিত শিক্ষক সমাজ' প্যানেলের প্রার্থীরা। স্বতন্ত্র থেকে আটজন প্রতিদ্বন্দ্বিতা করলেও কেউ জয়ী হতে পারেননি। ৪৯৬ জন ভোটারের মধ্যে ৪৭৬ জন ভোটাধিকার প্রয়োগ করেন।

'বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ' প্যানেলভুক্ত বিজয়ীরা হলেন- অধ্যাপক অজিত কুমার মজুমদার (পরিসংখ্যান বিভাগ), কবিরুল বাশার (প্রাণিবিদ্যা), অধ্যাপক কৌশিক সাহা (রসায়ন), অধ্যাপক তপন কুমার সাহা (রসায়ন), অধ্যাপক ফরিদ আহমদ (পদার্থ বিজ্ঞান), ফরিদ আহমেদ (দর্শন), বশির আহমেদ (সরকার ও রাজনীতি), অধ্যাপক মুহম্মদ হানিফ আলী (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং), অধ্যাপক মো. আমজাদ হোসেন (অর্থনীতি), মো. বখতিয়ার রানা (আইবিএ), অধ্যাপক মো. আনোয়ার খসরু পারভেজ (মাইক্রোবায়োলজি), অধ্যাপক মো. খবির উদ্দিন (পরিবেশ বিজ্ঞান), অধ্যাপক মো. খালেদ হোসাইন (বাংলা), মো. খালিদ কুদ্দুস (আন্তর্জাতিক সম্পর্ক), মো. মোতাহার হোসেন (আইবিএ), অধ্যাপক লায়েক সাজ্জাদ এন্দেল্লাহ (গণিত), অধ্যাপক লুৎফর রহমান (নাটক ও নাট্যতত্ত্ব), অধ্যাপক মো. শাহেদুর রশিদ (ভূগোল ও পরিবেশ), অধ্যাপক রাশেদা আখতার (নৃবিজ্ঞান), অধ্যাপক রাশেদা ইয়াসমিন শিল্পী (উদ্ভিদ বিজ্ঞান), অধ্যাপক সত্রাজিৎ কুমার সাহা (গণিত), অধ্যাপক সৈয়দ হাফিজুর রহমান (পরিবেশ বিজ্ঞান), অধ্যাপক সুকল্যাণ কুমার কুণ্ডু (ফার্মেসি), অধ্যাপক সুফি মোস্তাফিজুর রহমান (প্রত্নতত্ত্ব) এবং হোসনে আরা বেবী (ইতিহাস)। 'সম্মিলিত শিক্ষক সমাজ' প্যানেল থেকে জয়ী হলেন- অধ্যাপক এ এ মামুন (পদার্থ বিজ্ঞান), অধ্যাপক এ.টি.এম আতিকুর রহমান (ইতিহাস), অধ্যাপক নইম সুলতান (সরকার ও রাজনীতি), অধ্যাপক ফিরোজা হোসেন (উদ্ভিদ বিজ্ঞান), মালিহা নার্গিস আহমেদ (প্রত্নতত্ত্ব), অধ্যাপক মাহবুব কবির (রসায়ন) অধ্যাপক মো. শরিফ উদ্দিন (গণিত), অধ্যাপক সোহেল রানা (ফার্মেসি)। নির্বাচিতদের মধ্যে সর্বোচ্চ ২৮১ ভোট পেয়েছেন অধ্যাপক এ. এ. মামুন এবং সর্বনিম্ন ১৯৮ ভোট পেয়েছেন অধ্যাপক মাহবুব কবির।